

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২০৩

পর্ব-১৩: বিবাহ (১১১। ১১১)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মোহর

بَابُ الصَّدَاق

আরবী

وَعَنْ أَبِي سَلَمَةَ قَالَ: سَأَلْتُ عَائِشَةَ: كَمْ كَانَ صَدَاقُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَت: كَانَ صَداقه لأزواجه اثْنَتَيْ عَشْرَةَ أُوقِيَّةً وَنَشُّ قَالَتْ: أَتَدْرِي مَا النَّشُّ؟ قُلْتُ: لَا قَالَتْ: وَنَشُّ بَالرَّفْعِ فِي شَرْحِ السّنة وَفِي نِصنْفُ أُوقِيَّةٍ فَتِلْكَ خَمْسُمِائَةِ دِرْهَمٍ. رَوَاهُ مُسْلِمٌ. وَنَشُّ بِالرَّفْعِ فِي شَرْحِ السّنة وَفِي جَمِيع الْأُصنُول

বাংলা

৩২০৩-[২] আবূ সালামাহ্ হতে বর্ণিত। তিনি বলেন, আমি 'আয়িশাহ্ (রাঃ)-এর কাছে জানতে চাইলাম, নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর বিবাহের মোহর কি পরিমাণ ছিল? তিনি বললেন, তাঁর সহধর্মিণীগণের মোহরের পরিমাণ ছিল ১২ উকিয়াহ্ (১ উকিয়াহ্ ৪০ দিরহামের সমপরিমাণ) ও এক নাশ্। তিনি বললেন, তুমি জান 'নাশ্' কি? আমি বললাম, জানি না। উত্তরে বললেন, অর্ধ উকিয়াহ্, অর্থাৎ- এই পাঁচশত দিরহামই (৪০ × ১২ = ৪৮০ + ২০)। (মুসলিম)[1]

নাশ্ আঁ এর شِیْن অক্ষরে ত্র্নারহুস্ সুন্নাহ্ ও সকল মূল গ্রন্থে এরূপই আছে।

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৪২৬, আবূ দাউদ ২১০৫, আহমাদ ২৪৬২৬, শারহুস্ সুন্নাহ্ ২৩০৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রীদের মোহর ছিল ১২ উকিয়্যাহ্ এবং নাশ্ পরিমাণ। এক উকিয়্যাহ্ হলো চল্লিশ দিরহাম, নাশ্ হলো অর্ধ দিরহাম। ইবনুল আ'রবী বলেন, নাশ্ হলো প্রত্যেক বস্তুর অর্ধেক। সবমিলে সাড়ে বারো উকিয়্যায় পাঁচশত দিরহাম হয়, এটাই ছিল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্ত্রীদের



সর্বোচ্চ মোহরের পরিমাণ।

ইমাম নববী (রহঃ) বলেন, এ হাদীসের ভিত্তিতে আমাদের সাথীদের নিকট মুস্তাহাব হলো পাঁচশত দিরহাম মোহর নির্ধারণ করা। কেউ যদি প্রশ্ন তোলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রী উম্মু হাবীবাহ্ (রাঃ) এর মোহর চার হাজার দিরহাম অথবা চার লক্ষ দীনার ছিল? এর উত্তর হলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সম্মানে উম্মু হাবীবাহ্ (রাঃ)-এর বিবাহের মোহর নাজাশী বাদশাহ রাষ্ট্রীয়ভাবে আদায় করেছিলেন অথবা অনুদান হিসেবে তাকে প্রদান করেছিলেন। সুতরাং তার বিবাহের মোহর পরিমাণ স্বতন্ত্র বিষয়। (শারহে মুসলিম ৯/১০ম খন্ড, হাঃ ১৪২৬; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন